সংবাদ

তারিখ 11 DEC 2006
পৃষ্ঠা ৫ কলাম ৭

# মুন্সীগঞ্জে উপবৃত্তির টাকা আত্মসাৎ প্রধান শিক্ষিকার বিরুদ্ধে মামলা

**প্রতিনিধি, মুন্সীগঞ্জ**

মুন্সীগঞ্জ সদর উপজেলার ভট্টাচার্যেরবাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। এ বিষয়ে প্রধান শিক্ষিকার বিরুদ্ধে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বিভাগীয় মামলা দায়ের করেছেন। তবে এ ঘটনা ধামাচাপা দিতে একটি বিশেষ মহল মাঠে নেমেছে।

জানা গেছে, মুন্সীগঞ্জ সদর উপজেলার দশকানি গ্রামের মো. ওবায়দুল ইসলামের মেয়ে উর্মি বেগম ভট্টাচার্যেরবাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় শ্রেণী পর্যন্ত লেখাপড়া করে। এরপর তার অভিভাবক তাকে স্থানীয় ফাতেমাতুজ জহুরা (রা.) আদর্শ মহিলা মাদ্রাসায় ভর্তি করান। কিন্তু বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা তাকে চতুর্থ শ্রেণীর ছাত্রী হিসেবে ভর্তি দেখায়। হাজিরা

থেকে জুন পর্যন্ত বিদ্যালয়ে না গেলেও প্রধান শিক্ষিকা তাকে শ্রেণীকক্ষে নিয়মিত উপস্থিত দেখিয়ে তার অনুকূলে উপবৃত্তির টাকা উত্তোলন করে আত্মসাৎ করেন।

এদিকে আবু কালামের ছেলে রাজীব হোসেন বিদ্যালয়ে না পড়লেও তার নামে উপবৃত্তির টাকা বরাদ্দ করা হয়েছে। রাজীবকে এই বিদ্যালয়ে পঞ্চম শ্রেণীর ছাত্র হিসেবে ভর্তি দেখানো হয়েছে। এখানে তার রোল নম্বর ১৬। শাখা ক। রাজীব সিপাহীপাড়ার কা.ক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ে। সেই বিদ্যালয়ে তার রোল নম্বর ২৭। একই কায়দায় বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা অনিতা রানী দাস তার নামে উপবৃত্তির টাকা উত্তোলন করেন। ভট্টাচার্যেরবাগ গ্রামের আজগর ঢালীর মেয়ে আঁখি আক্তারকে বিদ্যালয়ে দ্বিতীয় শ্রেণীতে ভর্তি দেখানো হয়েছে। তার রোল নম্বর ১৯। তার নামেও উপবৃত্তির টাকা একই

আঁখি নারায়ণগঞ্জের ফতুল্লা উপজেলার ব্র্যা[illegible] স্কুলে পড়ে। রিফাত নামে ঢাকার এ[illegible] ছাত্রকে প্রধান শিক্ষিকা তৃতীয় শ্রেণীর ছা[illegible] দেখিয়ে উপবৃত্তির টাকা তুলে নেন[illegible] অন্যদিকে উপবৃত্তির সুবিধাভোগ[illegible] ছাত্রছাত্রীরা বিদ্যালয়ে ঠিকমতো উপস্থিত [illegible] থাকলেও প্রধান শিক্ষিকা তাদের নিয়মি[illegible] উপস্থিত দেখিয়ে উপবৃত্তির বরাদ্দের টাক[illegible] কম করে বিতরণ করেন। প্রধান শিক্ষিকা[illegible] বিরুদ্ধে অভিযোগ দায়েরের আগে বিদ্যাল[illegible] প্রতি তিন মাস অন্তর উপবৃত্তির ৯০ হাজা[illegible] টাকা বরাদ্দ আসতো। এখন এই বরাদ্দে[illegible] পরিমাণ অর্ধেকে নেমে গেছে। অভিযো[illegible] দায়েরের পর এখন ব্যাংক কর্তৃপ[illegible] উপবৃত্তির টাকা বিতরণ করছে বলে খব[illegible] পাওয়া গেছে। সম্প্রতি অভিভাবকর[illegible] মুন্সীগঞ্জ জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা[illegible] কাছে অভিযোগ দায়ের করেন। তদন্তকা[illegible] অভিযোগের বিষয়সহ আরও কয়েক[illegible]